

সৈনিক ইন্সটিটিউট

সৈনিক ইন্সটিটিউট

তারিখ:
পৃষ্ঠা: ১ কলাম: ১

ছাত্র-ছাত্রীদের কল্যাণে সম্ভাব্য সবকিছু

করা হবে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের পদত্যাগের প্রশংসা করেছেন এবং সেই সঙ্গে ছাত্র-ছাত্রীদের এই আশ্বাস দিয়েছেন যে, তাদের কল্যাণের জন্য সম্ভাব্য সবকিছু করা হবে।
-খবর ইউএনবি'র (২য় পৃষ্ঠায় ২-এর কঃপ্রঃ)

ছাত্র-ছাত্রীদের কল্যাণে

(প্রথম পৃষ্ঠার পর)

গত কয়েকদিন ধরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যে দুর্ভাগ্যজনক ঘটনাগুলো ঘটে সে সম্পর্কে সামগ্রিক অবস্থা জানানোর জন্য প্রধানমন্ত্রী গতকাল ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ার উল্লাহকে ডেকে পাঠান। পরে সাংবাদিকদের ব্রিফিংকালে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা হারিস চৌধুরী বলেন, ভাইস চ্যান্সেলরের সাথে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে পূর্বাপর আলোচনার পর প্রধানমন্ত্রী মনে করেন যে, এ অবস্থায় ভাইস চ্যান্সেলরের পদত্যাগ করাই উচিত হবে।

চৌধুরী আরো বলেন, গত কয়েকদিন ধরে ক্যাম্পাসে যা ঘটেছে তা কারো কাছেই কাল্পনিক নয়। তিনি আরো বলেন, ঘটনা তদন্তের জন্য সরকার একজন কর্মরত বিচারপতির নেতৃত্বে একটি তদন্ত কমিশন গঠন করেছেন। চৌধুরী জানান, প্রধানমন্ত্রী আশা করেন, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সূচু পরিস্থিতি বিরাজ করবে। দেশবাসীও তাই চান।

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা আরো জানান, তদন্ত কমিশনের রিপোর্ট পাওয়ার পর সেই মতে সরকার ব্যবস্থা নেবেন। তিনি আরো বলেন, এ অবস্থায় কারো রাজনৈতিক ফায়দা লুটার সুযোগ নেই।

তিনি বলেন, নয়া ভাইস চ্যান্সেলর নিয়োগ, বিশ্ববিদ্যালয় খোলা এবং অন্য সকল বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুযায়ী।

প্রধানমন্ত্রী যখন ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ার উল্লাহর সাথে আলোচনা করেন তখন সেখানে অর্থমন্ত্রী সাইফুর রহমান, এলজিআরডি মন্ত্রী আব্দুল মান্নান ভূইয়া এবং স্বাস্থ্যমন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন উপস্থিত ছিলেন।